# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২১১

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৮৩. বীর্যরস (মযী) সম্পর্কে

## باب فِي الْمَذْىِ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى، أَخْبَرَنَا عَبْدُ اللهِ بْنُ وَهْبٍ، حَدَّثَنَا مُعَاوِيَةُ، ـ يَعْنِي ابْنَ صَالِحٍ ـ عَنِ الْعَلاَءِ بْنِ الْحَارِثِ، عَنْ حَرَامِ بْنِ حَكِيمٍ، عَنْ عَمِّهِ عَبْدِ اللهِ بْنِ سَعْدٍ الأَنْصَارِيِّ، قَالَ سَأَلْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم عَمَّا يُوجِبُ الْغُسْلَ وَعَنِ الْمَاءِ يَكُونُ بَعْدَ الْمَاءِ فَقَالَ " ذَاكَ الْمَذْىُ وَكُلُّ فَحْلٍ يُمْذِي فَتَغْسِلُ مِنْ ذَلِكَ فَرْجَكَ وَأُنْثَيَيْكَ وَتَوَضَّأْ وُضُوءَكَ لِلصَّلاَةِ " .

ـ صحيح

বাংলা

২১১। ’আব্দুল্লাহ ইবনু সা’দ আল-আনসারী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করলামঃ কি কারণে গোসল ওয়াজিব হয়? এবং গোসলের (বা পেশাবের) পর পুরুষাঙ্গ থেকে নির্গত পানি (মযী) সম্পর্কেও জিজ্ঞাসা করলাম। তিনি বললেন, ঐ পানিকে বীর্যরস বলা হয়। প্রত্যেক প্রাপ্ত বয়স্ক লোকেরই বীর্যরস নির্গত হয়। বীর্যরস বের হলে তোমার লজ্জাস্থান ও অন্ডকোষ ধুয়ে ফেলবে এবং সালাতের অযুর ন্যায় অযু করবে।[1]

সহীহ।

## English

Narrated Abdullah ibn Sa'd al-Ansari:

I asked the Messenger of Allah (ﷺ) as to what makes it necessary to take a

bath and about the (prostatic) fluid that flows after taking a bath. He replied: that is called madhi (prostatic fluid). It flows from every male. You should wash your private parts and testicles because of it and perform ablution as you do for prayer.

## ফুটনোট

[1] আহমাদ (৪/৩৪২), যায়লাঈ ‘নাসবুর রায়াহ (১/৯৩)। ‘আব্দুল হাক্ব তার ‘আহকাম’ গ্রন্থে বলেন, এর সানাদ দ্বারা দলীল গ্রহণ করা যায় না। ডঃ ‘আব্দুল ক্বাদির বলেনঃ হাদীসটির সানাদ সহীহ। দেখুন সামনে আগত হাদীস।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57529

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন